JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

শীতকালীন ঝড়ের আগে তার কবলে প্রবলভাবে আক্রান্ত হতে পারে বলে প্রত্যাশিত অঞ্চলগুলিতে গভর্নর কুওমো স্টেট সম্পদ নিয়োগ করেছেন

নিউ ইয়র্ক এবং মধ্য-হাডসন-হাডসন অঞ্চলগুলিতে 4 থেকে 8 ইঞ্চি তুষারপাত হবে; লং আইল্যান্ডে 4 থেকে 7 ইঞ্চি তুষারপাত হবে

অরেঞ্জ, পুটনাম, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, ব্রঙ্কস, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড, নাসাউ এবং সাফোক কাউন্টিতে শীতকালীন ঝড়ের সতর্কতা কার্যকর হচ্ছে দুপুর 01.00 টার সময়, মার্চ 4 সকাল 07.00 টা অবধি।

নিউ ইয়র্কবাসীদের সাবধান হতে বলা হচ্ছে চলাফেরার সময় কারণ ঝড় সোমবার সকালের যাতায়াতকে ব্যাহত করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো বিস্তৃত শীতকালীন ঝড়ের আগে তার কবলে প্রবলভাবে আক্রান্ত হতে পারে বলে প্রত্যাশিত অঞ্চলগুলিতে স্টেটের সম্পদ নিয়োগ করার কথা ঘোষণা করেছেন, এই ঝড় ভারি তুষারপাত নিয়ে আসতে পারে রবিবার রাত থেকে সোমবার সকাল অবধি। এই সিস্টেম নিউ ইয়র্ক এবং মধ্য-হাডসন অঞ্চলে 4 থেকে 8 ইঞ্চি, এবং লং আইল্যান্ডে 4 থেকে 7 ইঞ্চি উৎপাদন করবে বলে আশা করা হয়। এই সিস্টেমের ফলে সোমবার সকালে গাড়ি চলাচল কঠিন হয়ে উঠতে পারে এবং নিউইয়র্কের অধিবাসীদের চলাচলের সময় সাবধানতা অবলম্বন করা উচিত।

"চরম আবহাওয়া যেন নতুন প্রথাসিদ্ধ আচরণে দাঁড়িয়েছে, আরেকটি তুষারপাতের ঘটনা রাজ্যের বেশির ভাগ জায়গায় আঘাত করবে বলে আশা করা হয়। আমি নিউ ইয়র্কবাসীদের নোংরা এবং সম্ভাব্য বিপজ্জনক যাতায়াতের অবস্থা সম্বন্ধে প্রস্তুত হতে অনুরোধ করছি", **গভর্নর কুওমো বলেন।** "আমরা অভিজ্ঞতা থেকে শিখেছি যে এই সব পরিস্থিতিতে অধিক-প্রস্তুতি থাকা ভালো - আপনি যদি ঝড়ের আগে প্রস্তুত না হন, তাহলে বড় দেরি হয়ে যাবে। সেই কারণে আমরা স্টেটের অন্যান্য অংশ থেকে সম্পদ পুণঃনিয়োগ করেছি সেই সব অঞ্চলে যেখানে সর্বোচ্চ তুষারপাত আশা করা হচ্ছে, এবং আমাদের স্টেট এজেন্সিগুলি প্রস্তুত স্থানীয় অঞ্চলগুলিকে সাহায্য করতে তাদের যা প্রয়োজন এই ঝড় যখন চলছে।"

অধ:ক্ষেপণ শুরু হবে বিকেলে স্টেটের বেশির ভাগ জায়গায় তুষারপাতের সম্ভাবনা সহ। অধ:ক্ষেপণ রাজ্যে দক্ষিণভাগ থেকে প্রবেশ করবে হাল্কা বৃষ্টির আকারে। বিকেলের শেষভাগে, হাল্কা তুষারপাত শুরু হবে, যা আজ সন্ধ্যা 6টার মধ্যে পুরোপুরি তুষারপাতে পরিণত হবে এবং তা চলবে সারারাত ভোর অবধি। দিনেরবেলায় বরফ জমার পরিমাণ সাধারনত এক ইঞ্চির কম হবে। সব চেয়ে বেশি বরফ জম্বে নিউ ইয়র্ক সিটিতে এবং মধ্য-হাডসন অঞ্চলে; যেখানে 4 থেকে 8 ইঞ্চি বরফ জমা সম্ভব, এবং লং আইল্যান্ডে 4 থেকে 7 ইঞ্চি বরফ জমা

সম্ভব। তা ছাড়াও একটি শীতকালীন ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে এবং তা কার্যকর হচ্ছে দুপুর 1.00টা থেকে মার্চ 4, সকাল 7.00 অবধি অরেঞ্জ, পুটনাম, রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, ব্রঙ্কস, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড, নাসাউ এবং সাফোক কাউন্টিতে।

ফিঙ্গার লেকস, নর্থ কান্ট্রি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহক ভ্যালি অঞ্চলে 1 থেকে 3 ইঞ্চি বরফ জমা সম্ভব, ক্যাপিটাল অঞ্চলে 2 থেকে 4 ইঞ্চি বরফ আশা করা হচ্ছে, এবং সাদার্ন টিয়ার অঞ্চলে 3 থেকে 5 ইঞ্চি হওয়া সম্ভব। পশ্চিম নিউ ইয়র্কে এক ইঞ্চির কম বরফ জমা সম্ভব।

সপ্তাহান্ত জুড়ে নিউইয়র্কের অধিবাসীদের স্থানীয় আবহাওয়া প্রতিবেদনগুলোর উপর ঘনিষ্ঠ নজর রাখা উচিত। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

পরিবহণ দপ্তর (Department of Transportation) 3,900 এরও বেশি পরিচালক এবং তত্ত্বাবধায়ক নিয়ে প্রস্তুত প্রতিক্রিয়ার জন্য রাজ্য জুড়ে। অধিদপ্তরের বর্তমানে 1,599টি প্লাও ট্রাক, 186টি মাঝারি ক্ষমতার প্লাও, 51টি টো প্লাও, 324টি বড় লোডার এবং 39টি স্নো ব্লোয়ার আছে। ক্যাপিটাল অঞ্চল, মধ্য-হাডসন-হাডসন অঞ্চল, সাদার্ন টিয়ার এবং লং আইল্যান্ডে রিজার্ভ ট্রাক সম্পূর্ণভাবে নিয়োগ করা হবে। কম প্রভাবিত অঞ্চলে রিজার্ভ ট্রাকের ব্যবহার মূল্যায়ন করা হবে পুরো ঘটনা জুড়ে, এবং প্রয়োজন হলে নিয়োগ করা হবে।

তা ছাড়াও, সঙ্কটপূর্ণ এলাকায় তুষার এবং বরফের কাজে সহায়তা করার জন্য, আটটি বড় প্লাউ ট্রাক, 70 জন প্লাউ ট্রাক পরিচালক, 12 জন তত্ত্বাবধায়ক, একটি ICS সহায়ক বিশেজ্ঞ এবং একজন মেকানিককে নিয়োগ করা হবে নিম্নলিখিতরূপেঃ

- ক্যাপিটাল অঞ্চল নর্থ কান্ট্রি থেকে পাবে চারটি বড় প্লাউ ট্রাক, আটটি প্লাউ পরিচালক, এবং দুইজন তত্ত্বাবধায়ক।
- মধ্য-হাডসন অঞ্চল ছয়টি প্লাউ পরিচালক পাবে এবং একজন তত্ত্বাবধায়ক পাবে মোহক ভ্যালি থেকে, দশটি প্লাউ পরিচালক এবং দুটি তত্ত্বাবধায়ক পাবে সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে, পাঁচটী প্লাউ পরিচালক এবং একটি তত্ত্বাবধায়ক পাবে ফিঙ্গার লেকস থেকে, সাতটি প্লাউ পরিচালক এবং একটি তত্ত্বাবধায়ক পাবে পশ্চিম নিউ ইয়র্ক থেকে, চারটি প্লাউ ট্রাক এবং পরিচালক আর তার সাথে একটি তত্ত্বাবধায়ক পাবে সাদার্ন টিয়ার থেকে, এবং একটি ICS সহায়তার বিশেষজ্ঞ পাবে ক্যাপিটাল অঞ্চল থেকে।
- লং আইল্যান্ড 10টী প্লাউ পরিচালক এবং দুটি তত্ত্বাবধায়ক পাবে ফিঙ্গার লেকস থেকে, 20টি প্লাউ পরিচালক এবং দুটি তত্ত্বাবধায়ক পাবে পশ্চিম নিউ ইয়র্ক থেকে।
- লং আইল্যান্ড একজন মেকানিক ও পাবে সাদার্ন টায়ার থেকে।

তা ছাড়াও, বরফের জমাট বাঁধা কমাবার জন্য 14 ইঞ্চি লম্ব্া নাগালের এক্সক্যাভেটর নিয়োগ করা হবে সনাক্ত জায়গায় বরফ জমা পরিষ্কার করার জন্য। I-84 এ ভারি টো ট্রাক স্থাপন করা হবে অরেঞ্জ এবং পুটনাম কাউন্টিতে আর তার সাথে মিডোব্রুক স্টেট পার্কওয়ে এবং I-495 লং আইল্যান্ডে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 671 জন সুপারভাইজার ও চালক আছে যারা সমগ্র স্টেট জুড়ে 247টি বড় স্নো প্লাও, 126টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 57টি লোডার নিয়োগ করতে এবং 111,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। তা ছাড়াও, থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) 10টি অতিরিক্ত বড় তুষার প্লাউ এবং পরিচালক পুণঃনিয়োগ করেছে মধ্য- এবং নিম্ন হাডসন ভ্যালিতে যেখানে আশা করা হয় ঝড় এক বৃহত্তর প্রভাব ফেলবে। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এই লিঙ্ক www.thruway.ny.gov/tas/index/shtml অনুসরণ করে। রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

স্নোপ্লাও ঘণ্টায় প্রায় 35 মাইল গতিতে চলে -- যা অনেক ক্ষেত্রেই লিখে রাখা গতিসীমা থেকে কম -- এটি নিশ্চিত করার জন্য যে ছড়ানো লবণ যাতে গাড়ি চালানোর লেনে থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পরে। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও যেখানে লবণ প্রয়োগ করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনীয় অতিরিক্ত সেনা নিয়োগের জন্য স্টেট পুলিশ প্রস্তুত। চার চাকার যানবাহন, স্নোমোবাইল, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation)
ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা, ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers), জরুরি ব্যবস্থাপনা (Emergency Management) কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ে আক্রান্ত হতে পারে এমন এলাকাগুলি সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)
জনসেবা অধিদপ্তর সেবা সংস্থার সিনিয়র নির্বাহীদের সাথে যোগাযোগ রাখছে এটা নিশ্চিত করার জন্য যে তারা যাতে ঝড়ো আবহাওয়া মোকাবেলায় প্রস্তুত থাকে, এবং তারা সেবা সংস্থাগুলোর ঝড়-প্রস্তুতি প্রচেষ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে যাতে লোডশেডিং যতটা সম্ভব কমানো যায় এবং বিদ্যুৎ সংযোগ দ্রুততার সাথে পুন:প্রতিষ্ঠা

করা যায়। সেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা অতিরিক্ত কর্মী নিয়ে প্রস্তুত আছে।

নিউ ইয়র্কের উপযোগী সংস্থাগুলোত প্রায়ে 5,000 জন কর্মী পরিষেবা পুনর্বহালের কাজের জন্য প্রস্তুত রয়েছে, যার মধ্যে বহিরাগত লাইন ও গাছ কাটার কর্মীকে এই ঘটনায় সব চেয়ে ক্ষতিগ্রস্ত এলাকায় মোতায়েনের জন্য নিয়ে আসা হয়েছে। ইউটিলিটিগুলি সতর্ক রয়েছে এবং ঝড়ের বিকাশ খুব মনোযোগ দিয়ে পর্যবেক্ষণ করছে এবং যেখানে প্রয়োজন পুনঃস্থাপন কর্মী নিয়োগ করবে। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে।

বিদ্যুৎ ব্যাঘাতের ক্ষেত্রে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ করার জন্য প্রস্তুত এবং প্রয়োজন হলে তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করবে, যার মধ্যে রয়েছে লাইফ-সাপোর্ট ও অন্যান্য জরুরি অবস্থার কাস্টোমারদের সাথে যোগাযোগ করা।

<u>মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA)</u>
MTA এজেন্সিগুলি - এবং নিউ ইয়র্ক সিটি ট্রান্সিট (NYC Transit), লং আইল্যান্ড রেইল রোড (Long Island Rail Road), মেট্রো-নর্থ রেইলরোড (Metro-North Railroad) এবং MTA ব্রিজেস এবং টানেলস (MTA Bridges & Tunnels) - তাদের পরিষেবার এলাকায় সব চেয়ে বড় তুষারপাতের জন্য প্রস্তুত হচ্ছে সন্ধ্যা 9টা এবং ভোর 4 টের মধ্যে।

প্রতিটি MTA এজেন্সি আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং দরকার মতো পরিস্থিতির মোকাবেলা করার জন্য কর্মী ও সরঞ্জাম প্রস্তুত করছে, যার মধ্যে রয়েছে তুষার ও বরফের সাথে লড়াইয়ের সরঞ্জাম যেমন ডি-আইসার ট্রেন তৈরি রাখা। কিছু রক্ষণাবেক্ষণ, মেরামতি এবং অন্যান্য নির্মাণ প্রকল্প হয়ত রবিবার সন্ধ্যার গোড়ার দিকে শেষ হবে ঝড়ের প্রস্তুতি এবং তার প্রতি প্রতিক্রিয়া ব্যক্ত করার জন্য। প্ল্যাটফর্ম, সিঁড়ি এবং অন্যান্য স্টেশন এলাকায় লবণ ও বালু প্রয়োগ করা হয়েছে এবং প্রয়োজনমতো পুনঃপ্রয়োগ করা হবে, এবং সাবওয়ে ও কমিউটার রেল ট্র্যাকে সুইচ হিটার সক্রিয় করা হবে। গ্রাহকদের মনে করিয়ে দেওয়া হবে ভ্রমণের জন্য অতিরিক্ত সময় পরিকল্পনা করতো এবং প্ল্যাটফর্ম, ওয়াকওয়েতে চলার সময় সতর্ক থাকতে এবং সিঁড়িতে হাঁটার সময় হ্যান্ড রেলিং ধরে রাখতে।

নিউ ইয়র্ক সিটি ট্রান্সিট এবং MTA বাসের জন্য, সমস্ত 40-ফুট স্থানীয় বাসগুলি সকালের পরিষেবার জন্য নিয়োগ করা হবে এবং 26টি বরফ-প্রতিরোধের ট্রাকগুলির সব কটি কর্তব্যরত থাকবে যতক্ষণ না তাদের আর প্রয়োজন থাকে।

প্রতি মিনিটের আপডেটের জন্য, কাস্টোমারদের MTA-এর ওয়েবসাইট https://new.mta.info ভিজিট করা উচিত, MYমটা স্মার্টফোন অ্যাপ ব্যবহার করা উচিত, এবং/বা ইমেইল বা ক্ষুদ্র বার্তার জন্য সাইন আপ করা উচিত এখানে https://protect2.fireeye.com/url?k=57cb24bc-0be8c367-57c9dd89-0cc47aa8c6e0-96188d25f26d0d25&u=http://www.mymtaalerts.com/.

<u>নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey)</u>
পোর্ট অথোরিটি বিমানবন্দর সহ সকল ফ্যাসিলিটিতে কর্মী ও সরঞ্জামের বিস্তৃত প্রস্তুতি গ্রহণ করেছে। জার্সি সিটীতে মূল এমার্জেন্সি অপারেশন্স সেন্টার (Emergency Operations Center, EOC) যারা সমস্ত পোর্ট

অথোরিটীর ফেসিলিটিগুলি এবং তাদের সংশ্লিষ্ট EOC গুলি দেখাশোনা করে, সক্রিয় করা হবে সন্ধ্যার ঝড়ের পুরো সময় কাল অবধি। এজেন্সিটি অবস্থার পর্যবেক্ষণ করতে থাকবে সম্পূর্ণ অঞ্চল জুড়ে, বিশেষ নজর রাখবে সম্ভাব্য বরফ তৈরি হওয়া এবং বাতাসের অবস্থার জন্য। কিছু এয়ারলাইন লাগার্ডিয়া (LaGuardia International Airport) ও জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে (John F. Kennedy International Airport) ফ্লাইট বাতিল করতে পারে এই পূর্বানুমানের কারণে সকল যাত্রীদের নিজেদের ক্যারিয়ারের সাথে মিলিয়ে নিতে এবং অতিরিক্ত ভ্রমণের সময় হাতে রাখার জন্য উৎসাহিত করা হচ্ছে।

বর্তমানে আমাদের 500টিরও বেশি সরঞ্জাম আছে আমাদের বিমানবন্দরে আসন্ন দিনগুলিতে যাই হোক না কেন তার মোকাবিলা করার জন্য, যার মধ্যে আছে মেল্টার যা 500 টন বরফ প্রতি ঘন্টায় তরল করতে পারে এবং এমন প্লাউ যা 40 মাইল প্রতি ঘন্টায় বরফ পরিষ্কার করতে পারে।

টানেল, সেতু এবং বাস টার্মিনালগুলিতে, পোর্ট অথোরিটি বাসযাত্রীদের বিশেষ ভাবে অনুরোধ করছে যে ম্যানহাটন বাস টার্মিনালে যাওয়ার পূর্বে তাদের ক্যারিয়ারের সাথে যোগাযোগ করে নেওয়া যেহেতু পরিস্থিতির কারণে অনেক সরকারি বেসরকারি ক্যারিয়ার সেবা বিলম্ব বা বাতিল করতে পারে। প্রথম তুষারপাতের দুই ঘন্টা পূর্বেই এজেন্সির চারটি সেতুর রাস্তা অংশগুলিতে ব্যবস্থা নেওয়া হবে। আবহাওয়া পরিস্থিতির উপর ভিত্তি করে এজেন্সি তার সেতু ও টানেলগুলিতে গতি ও অন্যান্য সীমাবদ্ধতা আরোপ করতে পারে। বর্তমানে, সেতু ও টানেলগুলিতে আমাদের 90টিরও বেশি তুষার সরঞ্জাম রয়েছে।

নিরাপদ যাত্রা
নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার যদি একটি ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটি নিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন